## রাজকুমার ও ভিখারির ছেলে

মার্ক টোয়েন

### বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **টম কী রকম ছেলে?**
ক ভ্রমণবিলাসী ● কল্পনাবিলাসী
গ দায়িত্বজ্ঞানহীন ঘ বিদ্যানুরাগী

**নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
রবির বাবা হতদরিদ্র মানুষ। পুত্রের প্রতি তার দয়া নেই। রবিকে দিয়ে কত বেশি কাজ করানো যায়, পয়সা রোজগার করা যায়– এই তার লক্ষ্য তাই সামান্য অবাধ্য হলেই সে রবিকে শাস্তি দেয়।

৪. **নদীর এপার কহে ছাড়িয়া নিশ্বাস ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস' –উদ্ধৃতাংশের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন চরিত্রের মনোভাবের মিল রয়েছে?**
● এডওয়ার্ড খ হাটফোর্ড গ এন্ড্রু ঘ দারোয়ান

৫. **রাজপ্রাসাদে ঢুকে টম রাজকুমারের কথা বিশ্বাস করতে পারছিল না কেন?**
i. রাজকুমারের ঔদার্যতা দেখে
ii. তার প্রতি রাজকুমারের যত্নের কারণে
iii. দারোয়ানের সাথে টমের অভিজ্ঞতার কারণে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৬. **চোরের দলের মাতবর রাজকুমারকে কী নাম দিয়েছিল?**
ক টম ক্যান্টি খ হিউগ্স ● ফুফু দি ফাস্ট ঘ এডওয়ার্ড

৭. **টম ক্যাটি রাজা হওয়ার পর নরফোকের রাজার মৃত্যুদণ্ড তুলে নেওয়ায় তার চরিত্রে যে দিকটি প্রকাশ পেয়েছে তা হলো–**
ক দূরদর্শিতা ● মহত্ত্ব গ রাজকীয়তা ঘ ভালোবাসা

৮. **রাজা এডওয়ার্ডের রাজত্ব কেমন ছিল?**
ক নিষ্ঠুরতার খ সহজ ও সরল ● ন্যায় ও শান্তির

৯. **'বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে'– এর মূলভাবের সঙ্গে কোন গল্পটি সাদৃশ্যপূর্ণ?**
ক কিশোর কাজী খ সোহরাব রুস্তম
গ রবিনসন ক্রুশো ● রাজকুমার ও ভিখারির ছেলে

১০. **রাজকুমার দরিদ্র টমের পোশাক পরেছিল কেন?**
ক কৌতূহল মেটাতে খ সৌজন্যতা দেখাতে
● বন্ধুত্ব গড়তে ঘ দরদ বোঝাতে

১১. **রাজপ্রাসাদের সৈনিকের দেহ তল্লাশি করে কী পাওয়া গেল?**
ক সিল ● পত্র গ মুদ্রা ঘ পিস্তল

১২. **সৈনিক মিল্স হেনডেনের পুরোনো চাকরের নাম কী?**
ক হিউগ ● এন্ড্রু গ এডিথ

২. **রবির পিতার সঙ্গে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন চরিত্রটির কোনো মিল নেই?**
ক দারোয়ানের খ জন ক্যান্টির
● ফাদার এন্ড্রুর ঘ সৈনিকের

৩. **রবির বাবার সঙ্গে ক্যান্টির বাবার যে মিল লক্ষ করা যায় তাহলো–**
ক উভয়েই শিক্ষিত খ উভয়েই বেকার
● উভয়েই নিষ্ঠুর ঘ উভয়েই বেহিসেবি

১৩. **'সরাইখানা' অর্থ কী?**
ক ঘর ● পান্থশালা গ শিক্ষালয় ঘ রান্নাঘর

১৪. **রাজকুমার ও টম কী বদল করেন?**
ক বাঁশি খ আংটি ● পোশাক ঘ জুতা

১৫. **আসল রাজকুমার প্রমাণের জন্য কী পরীক্ষা ছিল?**
ক লোহার পেরেক পরীক্ষা খ ছোট সিলটির সন্ধান
● বড় সিলটার সন্ধান ঘ গুপ্ত আলমারির সন্ধান

১৬. **রাজকুমার ও টম কী বদল করেছিল?**
● পোশাক খ আংটি গ জুতা ঘ তরবারি

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
সিডরে এক বন কর্মকর্তার ছেলে হারিয়ে এক গরিব কাঠুরিয়ার ঘরে আশ্রয় পেয়ে পুত্রবৎ লালিত-পালিত হয়। বহুদিন পর কাঠুরিয়ার সাথে বনে কাঠ কাটতে গেলে ঐ বন কর্মকর্তার সাথে পুত্রের পরিচয় হয় এবং সে পিতার সাথে বাড়ি ফিরে যায়।

১৭. **উদ্দীপকে বন কর্মকর্তার ছেলের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজার ছেলের সাদৃশ্য রয়েছে–**
ঘ আভিজাত্যসম
i. দুজনই প্রকৃত পরিচয় থেকে বিচ্ছিন্ন
ii. দুজনই অবহেলিত
iii. দুজনই শেষে অভিভাবকদের চিনতে পারে
**নিচের কেনটি সঠিক?**
ক i খ ii ● iii ঘ i ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
বাবা-মায়ের আদরের ছেলেটিকে ঘরের বাইরে যেতে দেয়া হয় না। তার সমবয়সিরা যখন দৌড়ে এসে নদীতে ঝাঁপ দেয় তখন তারও ঝাঁপ দিতে ইচ্ছে করে। ছেলেটির সঙ্গে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে কার মিল পাওয়া যায়?

১৮. **ছেলেটির সংগে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে কার মিল পাওয়া যায়?**

ক টম খ সৈনিক গ হিউগ ● রাজকুমার

**১৯. ছেলেটির ইচ্ছা ও রাজকুমারের ইচ্ছা কোন দিক থেকে এক?**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২০. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পটির লেখক কে?** (জ্ঞান)
● মার্ক টোয়েন খ ওয়াশিংটন আরভিং
গ লেভ টলস্টয় ঘ উইলিয়াম শেক্সপিয়ার

**২১. টম ক্যান্টি কত শতাব্দীতে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ক পঞ্চদশ ● ষোড়শ গ সপ্তদশ ঘ অষ্টাদশ

**২২. টম ক্যান্টির জন্ম কোথায়?** (জ্ঞান)
● লন্ডনে খ ডান্ডিতে গ ইরাকে ঘ ইরানে

**২৩. টম ক্যান্টি জন্মগ্রহণ করায় তার বাবা-মায়ের মুখে হাসি ফুটল না কেন?**
ক ছেলে জন্ম নেয়ায়
● দরিদ্র হওয়ার কারণে
গ সন্তান জন্ম দেয়া অপরাধ ছিল বলে
ঘ অনেক সন্তান থাকার কারণে

**২৪. টম ক্যান্টি লন্ডনের কোথায় জন্ম নিয়েছিল?** (জ্ঞান)
ক রাজপ্রাসাদে ● বস্তিতে গ পাহাড়ে

**২৫. টম ক্যান্টি বস্তির লোকের কাছে কী শিখেছিল?** (জ্ঞান)
● ভিক্ষা করা খ পড়াশোনা করা
গ চুরি করা ঘ নেশা করা

**২৬. গরিব ছেলে মিল্টন ছোটবেলা থেকেই রাজকুমার হওয়ার স্বপ্ন দেখতে থাকে। 'রাজকুমার ও ভিখারির' ছেলে গল্পের কোন চরিত্রের সাথে তার সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
● টম খ জন গ এন্ড্রু ঘ হাটফোর্ড

**২৭. টম ক্যান্টি কী হওয়ার স্বপ্নে বিভোর থাকত?** (জ্ঞান)
ক রাজা ● রাজকুমার গ সন্ন্যাসী ঘ বিজ্ঞানী

**২৮. টম কীভাবে ঘুমাত?** (জ্ঞান)
● মাথার ওপর হাত রেখে খ বামদিকে কাত হয়ে
গ ডানদিকে কাত হয়ে ঘ নাকের মধ্যে প্রচণ্ড শব্দ করে

**২৯. টমের বস্তিজীবনের কথা কে শুনেছিল?** (জ্ঞান)
● রাজকুমার খ হেনরি গ ফাদার এন্ড্রু ঘ জন

**৩০. রাজকুমারের নাম কী ছিল?** (জ্ঞান)
● এডওয়ার্ড খ জন গ অ্যাডাম ঘ টম

**৩১. 'দূর হ ভিখারি এখান থেকে' দারোয়ান এ কথা কাকে বলেছিল?**
ক টমকে ● রাজকুমারকে
গ জনকে ঘ এন্ড্রুকে

**৩২. রাজকুমারকে ছেলেমেয়েরা পুকুরে ফেলে দিয়েছিল কেন?** (অনুধাবন)
● নিজেকে রাজকুমার পরিচয় দেয়ায়
গ উচ্চস্বরে কথা বলায় ঘ নিজেকে ভিখারি পরিচয় দেয়ায়

ক স্বাধীন সজীবনের প্রতি আকর্ষণ
গ নদীকে ভালো লাগা ঘ দৌড়ানোর আনন্দ

**৩৩. 'থামো, ছেলেটিকে মেরো না, সে অসুস্থ'– এ কথা কে বলেছিলেন?**
ক জন ক্যান্টি খ টমের মা ● ফাদার এন্ড্রু ঘ রাজকুমার

**৩৪. 'আমি আপনাকে দুঃখ দেয়ার জন্য দুঃখিত'– এ কথা কে বলেছিলেন?**
● রাজকুমার খ টম গ ফাদার এন্ড্রু ঘ হেনরি

**৩৫. 'ক' নামক একটি ছেলে নিজের পরিচয় দিতে গিয়ে অত্যন্ত বিনয়ের সাথে বলল– আমি জীবনে আপনাকে কখনো দেখিনি। 'ক' চরিত্রটির সাথে মিল রয়েছে গল্পের কোন চরিত্রটির?** (প্রয়োগ)
ক টম ক্যান্টির ● রাজকুমারের

**৩৬. 'আমি আপনাকে দুঃখ দিতে চাইনি'– বাক্যটিতে প্রকাশ পেয়েছে–** (উচ্চতর দক্ষতা) (অনুধাবন)
● বিনয় খ একাগ্রতা গ অসহায়ত্ব ঘ দয়া

**৩৭. টমের মাকে জন কী নির্দেশ দিয়েছিলেন?** (জ্ঞান)
● লন্ডন ব্রিজে উপস্থিত হতে
গ মন্দিরে গিয়ে প্রার্থনা করতে ঘ ঘরে বসে থাকতে

**৩৮. রাজপ্রাসাদে কার করুণ অবস্থা হয়েছিল?** (জ্ঞান) খ গ্রামে
● টমের খ রাজকুমারের গ ফাদারের ঘ জনের

**৩৯. লর্ড হাটফোর্ড কে ছিলেন?** (জ্ঞান)
ক টমের চাচা ● রাজকুমারের চাচা
গ রাজকুমারের বাবা ঘ গির্জার ফাদার

**৪০. রাজা কার মৃত্যুর পরোয়ানা জারি করেছিলেন?** (জ্ঞান)
● নরফোকের ডিউক খ এডওয়ার্ডের
গ টমের ঘ ফাদার এন্ড্রুর

**৪১. রাজকুমারের কাছে রাজা কী রেখেছিলেন?** (জ্ঞান)
● সিল খ মোহর গ চাবি ঘ সিন্দুক

**৪২. 'আমি আপনার অধীনে একজন গরিব প্রজা'– এ কথা কে বলেছিল?**
● টম খ জন গ সৈনিক ঘ এন্ড্রু

**৪৩. 'আমি আপনার অধীনে একজন গরিব প্রজা'– এ উক্তির মাধ্যমে টমের কোন গুণটির বহিঃপ্রকাশ ঘটেছে?** (উচ্চতর দক্ষতা)
ক সাহসিকতা ● নম্রতা গ দৃঢ়তা ঘ একাগ্রতা

**৪৪. টমকে পরীক্ষা করার জন্য কোন ভাষায় প্রশ্ন করা হয়েছিল?** (জ্ঞান)
ক আরবি খ ইংরেজি ● ল্যাটিন ঘ ফারসি

**৪৫. 'আমার রাজত্ব হবে দয়ার, ক্ষমার'– একথা কে বলেছিল?** (জ্ঞান) (জ্ঞান)
● টম খ রাজকুমার গ হেনরি ঘ লর্ড হাটফোর্ড

**৪৬. টম কার মৃত্যুদণ্ডের আদেশ তুলে নিয়েছিল?** (জ্ঞান)
ক ফাদার এন্ড্রুর ● নেরফোকের
গ লর্ড হাটফোর্ডের ঘ সৈনিকের

খ উচ্চস্বরে গা গাওয়া

**৪৭. রাজকুমারকে সৈনিক কোথায় নিয়ে গিয়েছিল?** (জ্ঞান)

● সরাইখানায় খ রাজপ্রাসাদে গ বস্তিতে

**৪৮. সৈনিক বলল, আমি তোমাকে বিশ্বাস করি। সৈনিকের এ বিশ্বাস কার প্রতি?**
ক টমের খ ফাদার এন্ড্রুর
● রাজকুমারের ঘ জন ক্যান্টির

**৪৯. 'বদমাইশ' লোক বলতে— 'রাজকুমার ও ভিখারির ছেলে গল্পে কাকে বোঝানো হয়েছে?** (জ্ঞান)
● জন ক্যান্টি খ সৈনিক
গ ফাদার এন্ড্রু ঘ হেনরি

**৫০. হিউগস পেশায় কী ছিল?** (জ্ঞান)
● ভিক্ষুক খ কৃষিজীবী গ সৈনিক ঘ জেলে

**৫১. রাজকুমার চোরদের কাছ থেকে পালিয়ে কার কাছে গিয়েছিল?**
ক হিউগসের ● ঋষিতুল্য সন্ন্যাসীর
গ সৈনিকের ঘ হেনরির

**৫২. পিতার অন্যায়ের প্রতিশোধ নিতে গিয়ে মি. যোসেফ পুত্রকে আটকে রেখে শাস্তি দিতে চাইল। 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে কোন চরিত্রের সাথে যোসেফের সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
ক সৈনিক খ হাটফোর্ড ● সন্ন্যাসী ঘ জন ক্যান্টি

**৫৩. হেনডন হলটি কার বাড়ি ছিল?** (জ্ঞান)
ক টমের খ রাজকুমারের ● সৈনিকের ঘ সন্ন্যাসীর

**৫৪. রাজকুমারকে প্রতি পদে পদে সাহায্য করেছিল কে?** (জ্ঞান)
● সৈনিক খ ভিক্ষুক গ সন্ন্যাসী ঘ ফাদার

**৫৫. যুদ্ধে ভাইয়ের মারা যাওয়ার মিথ্যা সংবাদ প্রচার করে ভাইয়ের বাগদত্তা স্ত্রীকে বিয়ে করে জিউস। জিউসের চরিত্রের সাথে মিল রয়েছে কার?**
● হিউগের খ হিউজের গ সৈনিকের ঘ জন ক্যান্টির

**৫৬. বেচারার রাজকীয় দুঃস্বপ্ন এখনও যায়নি? এ কথাটি কার সম্পর্কে বলা হয়েছে?**
ক টম ক্যান্টি খ জন ক্যান্টি ● রাজকুমার ঘ সৈনিক

**৫৭. সৈনিকের বাগদত্তা স্ত্রীর নাম কী ছিল?** (জ্ঞান)
ক এলিজা ● লেডি এডিথ
গ সাউদান ঘ অ্যাডা

**৫৮. 'আমি আপনার জন্য সমবেদনা অনুভব করছি'— লেডি এডিথের এই সমবেদনা কার জন্য?** (জ্ঞান)
● সৈনিকের খ মিলসের গ টমের ঘ রাজকুমারের

**৫৯. রাজকুমার সৈনিককে কী উপাধিতে ভূষিত করেছিল?** (জ্ঞান)
● আরল খ গ্যারল গ জেব্রো ঘ আরণস্থ

**৬০. 'আরল' কথাটির অর্থ কী?** (জ্ঞান)
● মহান খ বিশ্বাস গ ভীরু ঘ ন্যায়বান

**৬১. পথে চলতে চলতে রাজকুমারের চোখে ধরা পড়েছিল?**(অনুধাবন)
● রাজ্যের যত অনাচার খ টম ক্যান্টির ধূর্ততা
গ বাবার কৃতকর্মের ফলাফল ঘ জন ক্যান্টির কাজের চিত্র

**৬২. টম ভিড়ের মধ্যে কাকে দেখতে পেয়েছিল?** (জ্ঞান)
ক রাজকুমারকে ● মাকে ঘ মেলায়
গ বাবাকে ঘ ফাদার এন্ড্রুকে (জ্ঞান)

**৬৩. কীসের মাধ্যমে আসল রাজকুমারকে খুঁজে বের করা হয়েছিল?**
● সিল কোথায় আছে তা জানার মাধ্যমে
খ ছোটবেলার গানের মাধ্যমে
গ বাবাকে চেনার মাধ্যমে
ঘ গুরুত্বপূর্ণ দলিল খুঁজে বের করার মাধ্যমে

**৬৪. রাজপ্রাসাদের সিলটা কোন রঙের ছিল?** (জ্ঞান)
ক লাল ● সোনালি গ গোলাপি ঘ হলুদ

**৬৫. 'আপনাকে সন্দেহ করার জন্য আমাকে ক্ষমা করুন হুজুর'—কাকে সন্দেহ করা হয়েছিল?** (জ্ঞান)
ক টমকে খ রাজাকে ● রাজকুমারকে

**৬৬. সৈনিকের নাম কী ছিল?** (জ্ঞান)
ক হিউগ খ হিউজ ● মিলস ঘ হেলেন

**৬৭. 'এই ভিখারির বাচ্চা, সরে পড়'— উক্তিটি কার?** (জ্ঞান)
ক লর্ড চ্যান্সেলরের খ হেনরির
● দারোয়ানের ঘ হাটফোর্ডের

**৬৮. নরফোস ডিউকের মৃত্যুদণ্ড তুলে নিয়ে কে তাকে মুক্ত করল?**
ক রাজা এডওয়ার্ডকে ● টম ক্যান্টিকে
গ জন ক্যান্টিকে ঘ রাজকুমার এডওয়ার্ডকে

**৬৯. রাজকুমার ও ভিখারির ছেলের পোশাক পরিবর্তন কী প্রকাশ করে?**
● অন্যের জীবনে আসক্তি খ সুন্দর পোশাকের কারণে
গ পরিবর্তনের বিশ্বাস ঘ জীবনে পরিবর্তন (প্রয়োগ)

**৭০. রাজকুমার কেন সৈনিককে আরল উপাধিতে ভূষিত করে?**(অনুধাবন)
● মহানুভবতার পরিচয় পেয়ে (জ্ঞান)
খ রাজকুমারকে প্রাসাদে পৌঁছে দেয় বলে
গ রাজকুমারকে অনেক টাকা দিয়েছে বলে
ঘ রাজকুমারের কথা বিশ্বাস করেছে বলে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭১. রাজা এডওয়ার্ডের রাজত্ব ছিল—** (অনুধাবন)
i. ন্যায়ের ii. শান্তির
iii. ক্ষমার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭২. রাজ্য পরিচালনার দিক দিয়ে টম আর রাজকুমারের সাদৃশ্য পরিলক্ষিত হয়—**
i. কঠোরতা প্রদর্শনের দিক দিয়ে
ii. ক্ষমা করার মানসিকতার দিক দিয়ে
iii. ন্যায় প্রতিষ্ঠার দিক দিয়ে

**নিচের কোনটি সঠিক?**

ক র ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭৩. টম ক্যান্টির কর্মকাণ্ড এবং চরিত্রে পরিচয় পাওয়া যায়–** (উচ্চতর দক্ষতা)

i. ক্ষমার ii. একাগ্রতার iii. সততার

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭৪. সৈনিকরূপী মিলসের কর্মকাণ্ডে বহিঃপ্রকাশ ঘটে–** (উচ্চতর দক্ষতা)

i. মহানুভবতার

iii. ক্ষমার

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭৫. মি. যোসেফ রাজ্যের ক্ষমতার ভার বহন করে দুঃখী মানুষের দুঃখ দূর করার পাশাপাশি অন্যায়কারীদের শাস্তি প্রদান করেন। রাজকুমারের যেসব চারিত্রিক বৈশিষ্ট্য তার মধ্যে প্রতিফলিত হয়েছে**(প্রয়োগ)

i. উদারতা ii. কঠোরতা iii. ন্যায়পরায়ণতা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭৬. রাজকুমারকে যারা সাহায্য করেছিল –**

i. জন ক্যান্টি ii. সৈনিক

iii. ফাদার এন্ড্রু

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের উদ্দীপকটি পড়ে ৭৭ ও ৭৮ নং প্রশ্নের উত্তর দাও :**

মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি মি. 'ঢ'। কিন্তু মৃত্যুদণ্ড দেয়ার আগেই রাজার মৃত্যু হলে ক্ষমতাপ্রাপ্ত 'ণ' তার মৃত্যুদণ্ড মওকুফ করে দেন।

ii. উদারতার

**৭৭. 'ণ' চরিত্রটির সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন চরিত্রটির মিল রয়েছে?** (প্রয়োগ)

ক রাজকুমার ● টম ক্যান্টি

গ লর্ড হাটফোর্ড ঘ নরফোক

**৭৮. উক্ত চরিত্রের কর্মকাণ্ডে ফুটে উঠেছে–** (উচ্চতর দক্ষতা)

i. সততা

ii. উদারতা

iii. সাহসিকতা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন -১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

কলিমুল্লাহর ডাকনাম কালু। এদের পরিবারটি দরিদ্র। পাঁচ জন ভাইবোনের মধ্যে ৬ষ্ঠ জন হিসেবে কালুর জন্ম হলে পিতা রহমান হতাশ হয়। আরও একটি মুখের খাবার কী করে জুটবে সেই চিন্তায় রহমানের চোখে ঘুম নেই। অন্যদিকে কাশেম চৌধুরীর ছোট ও সচ্ছল পরিবারে রিফাতের জন্ম হয়। এতে পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনদের মধ্যে আনন্দের সীমা থাকে না।

ক. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন চরিত্রের সঙ্গে কালুর মিল আছে?

খ. রিফাতের সঙ্গে রাজকুমারের সম্পর্কের বিষয় বিবেচনা করে একটি অনুচ্ছেদ লেখ।

গ. উদ্ধৃতিটির সঙ্গে মার্ক টোয়েনের 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পটির মিল ও অমিল চিহ্নিত কর।

ঘ.'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের পরিপ্রেক্ষিতে উদ্ধৃতির অংশটুকুর যৌক্তিকতা নিরূপণ কর।

**১নং প্রশ্নের উত্তর**

ক. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের টম ক্যান্টি চরিত্রের সঙ্গে কালুর মিল রয়েছে।

খ. অর্থনৈতিক ও সামাজিক প্রভাবের কারণেই রিফাত ও রাজকুমারের মধ্যে সম্পর্ক নির্ণয় করা যায়।
রিফাতের জন্ম হয় কাশেম চৌধুরীর সচ্ছল অভিজাত পরিবারে। স্বাভাবিকভাবেই পরিবারের সদস্য ও আত্মীয়দের মধ্যে আনন্দের ঢেউ বয়ে যায়। অন্যদিকে রাজকুমারের জন্ম হয় ইংল্যান্ডের রাজা টিউডরের ঘরে। তার জন্মে আনন্দের ফোয়ারা বয়ে যায় রাজপরিবারসহ রাজ্যের সকল মানুষের মনে। অর্থনৈতিক কারণেই তাদের জন্ম খুশির বার্তা বয়ে আনে।

গ. উদ্ধৃতিটিতে উল্লিখিত দুজন শিশুর জন্মগ্রহণের প্রেক্ষাপট এবং এ পরিপ্রেক্ষিতে পরিবারের সদস্যদের অনুভূতির দিক দিয়ে কিছু মিল থাকলেও উদ্ধৃতিটির সঙ্গে মার্ক টোয়েনের 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পটির কিছু অমিলও আছে।

আলোচ্য গল্পে এবং উদ্ধৃতিতে দেখানো হয়েছে সন্তানের জন্মগ্রহণে দুটি পরিবারের ভিন্নরকম প্রতিক্রিয়া। গল্পটিতে ধনী ও দরিদ্র পরিবারের মধ্যে নবজাতকের আগমনে আনন্দ এবং হতাশার চিত্র ফুটে উঠেছে। এছাড়া রাজকুমার এবং ক্যান্টির স্বভাবগত দিক প্রকাশিত হয়েছে। রাজকুমার ও টমের জন্মের পরিচয়ের দিক থেকে আকাশ-পাতাল ব্যবধান থাকলেও কল্পনাবিলাস টম ও রাজকুমারের মধ্যে অন্যায়, অবিচার দূর করে ক্ষমার রাজ্য প্রতিষ্ঠা করার মনোভাবের সাথে মিল ছিল।

উদ্ধৃতিতে রিফাত এবং কালুর গল্পের মতো জন্মে ধনী ও দরিদ্র পরিবারের আনন্দ ও হতাশার চিত্র ফুটে উঠলেও টমও রাজকুমারের জীবনের অন্যান্য দিকের কালু ও রিফাতের মিল নেই। এছাড়া দরিদ্র পরিবারের সন্তান কালুর ভাইবোনের সংখ্যার বর্ণনা থাকলেও গল্পে এ বর্ণনা নেই। তাই বলা যায়, 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্প এবং উদ্ধৃতির মধ্যে একটি বিষয়ে মিল থাকলেও নানাদিক থেকে অমিল রয়েছে।

ঘ. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের প্রেক্ষিতে উদ্ধৃতির অংশটুকুর যৌক্তিকতা রয়েছে।

যাদের খাওয়া-পরার ভাবনা নেই তাদের জন্য সন্তান জন্মগ্রহণ করাটা অনেক আনন্দের। অপরদিকে যাদের অভাবের সংসার তাদের জন্য সন্তান জন্মদান দুশ্চিন্তার। উদ্ধৃতির অংশটুকু ও গল্পে এ বিষয়টি ফুটে উঠেছে।

উদ্ধৃতির অংশটুকুতে ধনী ও গরিব পাশাপাশি দুটি পরিবারের বর্ণনা আছে। সন্তান জন্মদান ধনীদের জন্য আনন্দের হলেও গরিবদের জন্য তা দুঃখের এ কথা বলা হয়েছে। গল্পে রাজার পরিবার ও বস্তির এক দরিদ্র পরিবারের বর্ণনা আছে। সন্তান আগমনে এক পরিবারে আনন্দ ও অন্য পরিবারে দুঃখের বিষয়টিকে উপস্থাপন করা হয়েছে।

দুটি ভিন্ন পরিবারের বর্ণনা 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে ও উদ্ধৃতির অংশে পাওয়া যায়। সন্তান জন্মদানের আনন্দ ও বিষাদের রূপ উভয় স্থানেই দেখানো হয়েছে। উভয় স্থানেই অর্থনৈতিক ও সামাজিক বৈষম্য প্রকাশিত হয়েছে। এ থেকে বোঝা যাচ্ছে, 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের প্রেক্ষিতে উদ্ধৃতির অংশটুকু যৌক্তিক।

**প্রশ্ন -২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সেখানকার ছেলেমেয়েরা বেশ মজা পেল। তারা নিজেদের মধ্যে বলাবলি করল, ছেলেটা নিশ্চয়ই পাগল হবে। ঠিক আছে, আমরা সবাই তাকে রাজকুমার মনে করে সম্মান দেখাই। দেখা যাক ব্যাপারটা কতদূর গড়ায়। তাই সবাই হাঁটু গেড়ে বসে রাজকুমারকে সম্মান দেখাল। তারপর সবাই তাকে চ্যাংদোলা করে ধরে নিয়ে সামনের পুকুরে ছুড়ে ফেলল।

ক. সেখানকার ছেলেমেয়েরা বলতে কোথাকার ছেলেমেয়েদের কথা বলা হয়েছে?

খ. উদ্ধৃতির অংশে রাজকুমারের এই পরিণতির কারণ ব্যাখ্যা কর।

গ.উদ্ধৃতির অংশে রাজকুমারের যে অবস্থা লক্ষ করা যায় তার সঙ্গে টম ক্যান্টির অবস্থার তুলনামূলক চিত্র তুলে ধর।

**▸◂ ২নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. সেখানকার ছেলেমেয়ে বলতে হোস্টেলের ছেলেমেয়েদের কথা বলা হয়েছে।

খ. রাজকুমার ভিখারির বেশে থাকায় কেউ তাকে চিনতে পারেনি তাই তাকে এই করুণ পরিণতি বরণ করতে হয়।

রাজকুমার ভিখারির ছেলে টম ক্যান্টির সঙ্গে নিজের পোশাক বদল করে রাস্তায় বেরিয়ে পড়ে। এক অচেনা জায়গায় ছোট ছেলেমেয়েদের হোস্টেল দেখে সেখানে সে প্রবেশ করে এবং ছেলেমেয়েদের বলে যে, রাজকুমার এডওয়ার্ড তাদের সঙ্গে দেখা করতে চায়। ছেলেমেয়েরা তার কথা শুনে তাকে পাগল ভাবে এবং চ্যাংদোলা করে সামনের পুকুরে ছুড়ে মারে। ভিখারির পোশাক পরা রাজকুমারকে ছেলেমেয়েরা চিনতে পারেনি বলেই তাকে এই অসম্মানজনক পরিণতির শিকার হতে হয়।

গ. উদ্ধৃতির অংশে রাজকুমারকে দুরবস্থার মধ্যে পড়তে হয় যা গল্পের টম ক্যান্টির বেলায়ও ঘটেছিল।

অপরের জীবনকেই সুখী মনে করা মানুষের আজন্ম স্বভাব। অনেক সময় অপরের জীবনকে সুখী মনে করে সে রকম জীবনযাপন করতে গেলে অপদস্থ হতে হয়। উদ্ধৃতির রাজকুমার ও গল্পের টম ক্যান্টির বেলায়ও এমনটি ঘটেছিল।

রাজকুমার তার নিজের পোশাক পরিবর্তন করে এলেও নিজেকে রাজকুমার বলেই সে পরিচয় দেয়। এতে ছেলেমেয়েরা তাকে পাগল ভেবে অপদস্থ করে। গল্পের টম ক্যান্টিও পোশাক পরিবর্তন করে রাজকুমারের জায়গায় গেলে অপদস্থ হতে হয়। এভাবে উভয়ই তাদের স্থান পরিবর্তন করার ফলে অপদস্থ হয়।

**প্রশ্ন -৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

একজন ভিক্ষুককে রাজপ্রাসাদে বসবাসের স্থান করে দেয়া হলে সে অনেক সমস্যায় পড়বে। তার জীবন সহজ, স্বাভাবিক ও স্বচ্ছন্দ থাকবে না। ঠিক একইভাবে একজন রাজকুমারকে যদি ভিক্ষুকের জীবনে ছেড়ে দেয়া হয় তা হলে সেই জীবন সুখের হবে না। প্রতি মুহূর্তে তাকে নানা দুর্বিপাকে পড়তে হবে। এজন্যই হয়তো বলা হয়, 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে'।

ক. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমারের নাম কী?

খ. রাজকুমারের সংকটাপন্ন জীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ. উদ্ধৃতির অংশটি 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সঙ্গে কীভাবে সম্পর্কিত? অলোচনা কর।

ঘ.'রাজকুমার ও ভিখারির ছেলে' শীর্ষক গল্পের আলোকে বিশ্লেষণ কর যে, 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে'।

**৩নং প্রশ্নের উত্তর**

ক. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমারের নাম হলো এডওয়ার্ড প্রিন্স অব ওয়েলস।

খ. ভিখারির ছেলে টম ক্যান্টির সঙ্গে পোশাক বদলের পর থেকেই রাজকুমারকে নানা সংকটাপন্ন অবস্থায় পড়তে হয়।

রাজপ্রাসাদের বাইরে বের হওয়া মাত্রই ভিখারির ছেলে ভেবে দারোয়ান তাকে কষে চড় দেয়। হোস্টেলের ছেলেমেয়েরা পাগল ভেবে চ্যাংদোলা করে পুকুরের পানিতে ছুড়ে ফেলে দেয়। টমের বাবা রাজকুমারকে টম ভেবে মারধর ও শাসন করে। গুদাম ঘরে আটকিয়ে রেখে তাকে ভিক্ষা করাতে বাধ্য করে। সন্ন্যাসীর ছদ্মবেশী ঘাতক তাকে হত্যা করার চক্রান্ত করে। এসবকিছুর মধ্যদিয়েই রাজকুমারের সংকটাপন্ন জীবনের পরিচয় ফুটে ওঠে।

গ. উদ্ধৃতির অংশটি মূলবক্তব্যের দিক থেকে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সাথে সম্পর্কিত।

আলোচ্য গল্পে রাজকুমার এবং একটি ভিখারির ছেলে টম নিজেদের পোশাক বদল করে নিজেদের জীবনযাপন প্রণালিরও বদল করতে চায়। কিন্তু আবেগেরবশে তারা কাজটি করলেও বাস্তব-জীবনে গিয়ে তারা নানা সংকটে পড়ে। টম রাজপ্রাসাদে গিয়ে সেখানকার নিয়মকানুন, আর জীবনযাপন পদ্ধতির সাথে নিজেকে কোনোভাবেই মানিয়ে নিতে পারছিল না। অপরদিকে রাজকুমারও সাজ পরিবর্তন করায় পথে পথে নানা দুর্ভোগ পোহাতে থাকে। তাই দুজনই দুজনের ভুল বুঝতে পারে এবং আগের জীবনে ফিরে যাওয়ার জন্য উদ্বেগ হয়ে ওঠে।

উদ্ধৃতিকে বলা হয়েছে যে, একজন ভিক্ষুককে রাজপ্রাসাদে বসবাস করতে দিলে সে তার জীবনের স্বাভাবিক ছন্দময়তা হারাবে আর রাজকুমারকে ভিক্ষুকের জীবনে ছেড়ে দিলে তার জীবনও নানা দুর্বিপাকে পড়বে। তাই বলা যায় যে সেখানে জীবনযাপনে অভ্যস্ত তাকে সেখানেই সুন্দর মানায়- উদ্ধৃতির এদিকটি আলোচ্য গল্পের সাথে সম্পর্কিত যা দুজনই সমস্যার সম্মুখীন হয়।

ঘ. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পটিতে দুজন বালকের মাধ্যমে একটি বাস্তব জীবন সত্য তুলে ধরা হয়েছে, যা প্রশ্নের উক্তিটিকে সমর্থন করে।

প্রতিটি জিনিসই তার নিজস্ব পরিবেশে সুন্দর ও স্বাভাবিক। আপন পরিবেশেই যেকোনো জিনিসের সৌন্দর্য ও বিকাশ সম্ভব হয়। আলোচ্য গল্পটিতে রাজকুমার ও টম ক্যান্টির জীবনের একটি ঘটনা দিয়ে এ বাস্তব চিত্রই ফুটিয়ে তোলা হয়েছে।

'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পটিতে রাজকুমার ভিখারির বেশ ধারণ করলেও সে ভিখারিদের মতো জীবনধারণ করতে পারে না। ফলে তাকে সহ্য করতে হয় নানা লাঞ্ছনা আর অপমান। অপরদিকে টম ক্যান্টি রাজকুমার সেজে বসে থাকলেও রাজপ্রাসাদে তার জীবন সুখকর হয় না। দু'জায়গাতে দুজনেরই জীবনধারণই কঠিন হয়ে পড়ে।

উদ্দীপকে একজন ভিক্ষুককে রাজপ্রাসাদের বসবাস করতে দিলে সে স্বাভাবিক জীবনের ছন্দ হারাবে আর রাজকুমারকে ভিক্ষুকের জীবনে ছেড়ে দিলে তার জীবনও নানা দুর্বিপাকে পড়বে। এমনভাবে তাদের জীবনের ঘটনা থেকে বলা যায়, যারা বনে থাকে তাদেরকে বনেই মানায়। শুধু পরিবেশ আর পোশাক পরিবর্তন করলেই মানুষের প্রকৃত পরিবর্তন হয় না। যার যেখানে স্থান তাকে সেখানেই থাকতে হয়। এ জন্যই বলা হয়– 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।' অর্থাৎ যার যেখানে অবস্থান সেখানেই তাকে সুন্দর মানায়।

**প্রশ্ন -৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

দীর্ঘদিন পর নোয়াপাড়া গ্রামের চেয়ারম্যান সাহেবের এক সন্তান জন্ম নেয়। এতে তিনি মহাখুশি। এলাকায় প্রচুর মিষ্টি বিতরণ করেন। পুরো গ্রামে আনন্দের ঢেউ ওঠে। অন্যদিকে একই গ্রামে দরিদ্র দিনমজুর রহমত মিয়ার ঘরে অনাদরে জন্ম নেয় তার পঞ্চম সন্তান। এতে রহমত কিংবা গ্রামবাসী কারোর মনেই কোনো প্রভাব পড়ে না।

ক. রাজকুমারের উপাধি কী ছিল? ১

খ. টম ক্যান্টিকে সবাই উপহাস করত কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সাদৃশ্য আলোচনা কর। ৩

ঘ."উদ্দীপকটিকে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সম্পূর্ণ প্রতিচ্ছবি বলা যায় না।"–উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

ক. রাজকুমারের উপাধি ছিল এডওয়ার্ড।

খ. টম ক্যান্টি সর্বদা রাজা আর রাজকুমারের স্বপ্নে বিভোর থাকত বলে সবাই তাকে উপহাস করত।

'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে টম বস্তির ভিখারির ছেলে হলেও সে ছিল কল্পনাবিলাসী। সে নিজেকে রাজকুমার চিন্তা করে রাজাদের মতো রাজকীয় সভার আয়োজন করে সঙ্গীদের উপাধি বিতরণ করত। তার এরূপ উদ্ভট কর্মকাণ্ডের জন্য তাকে সবাই উপহাস করত।

গ. উদ্দীপকে উল্লিখিত দুজন শিশুর জন্মগ্রহণের প্রেক্ষাপট ও দুই পরিবারের প্রতিক্রিয়ার সঙ্গে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সাদৃশ্য বিদ্যমান।

আলোচ্য গল্প এবং প্রশ্নোক্ত উদ্ধৃতিতে দেখানো হয়েছে সন্তানের জন্মগ্রহণে দুই পরিবারের প্রতিক্রিয়া। উভয় জায়গাতেই ধনী দরিদ্র পরিবারে মধ্যে নবজাতকের আগমনে আনন্দ এবং হতাশা দুটি চিত্রই ফুটে উঠেছে।

উদ্দীপকের রহমত মিয়ার ঘরে অনাদরে জন্ম নেয় তার পঞ্চম সন্তান। অনুরূপভাবে টম ক্যান্টির জন্মও হয় এক দরিদ্র পরিবারে। নোয়াপাড়া গ্রামের চেয়ারম্যান সাহেবের ঘরে জন্ম নেয় এক সন্তান। এতে গ্রামে খুশির জোয়ার বয়ে যায়। অন্যদিকে রাজকুমার এডওয়ার্ডের জন্ম হয় ইংল্যান্ডের রাজার ঘরে। চেয়ারম্যান সাহেবের সন্তান জন্ম হলে তার পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনদের মধ্যে আনন্দের সীমা ছিল না। অনুরূপভাবে রাজকুমার এডওয়ার্ডের জন্ম হলে রাজ্যময় একটি উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়েছিল। তাই বলা যায়, উদ্দীপকের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সন্তান জন্ম হওয়ার ক্ষেত্রে উদ্ভূত পরিস্থিতির সাথে সাদৃশ্য বিদ্যমান।

ঘ. "উদ্দীপকটিকে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সম্পূর্ণ প্রতিচ্ছবি বলা যায় না"– উক্তিটি যথার্থ।

টম ক্যান্টির জন্ম হলে তার বাবা-মা দুশ্চিন্তায় পড়ে, নতুন মুখের খাবার জোগাড় হবে কীভাবে? অন্যদিকে রাজকুমারের জন্ম হলে রাজপরিবারে আনন্দের বন্যা বয়ে যায়।

উদ্দীপকে দেখা যায়, রহমত মিয়ার ঘরে অবহেলায় জন্ম নেয় তার পঞ্চম সন্তান। অন্যদিকে চেয়ারম্যান সাহেবের ঘরে জন্ম নেয় এক সন্তান। এতে চেয়ারম্যান সাহেব মহাখুশি। এলাকায় মিষ্টি বিতরণ করে। পুরো এলাকায় আনন্দের জোয়ার বয়ে যায়

উল্লিখিত আলোচনা শেষে বলা যায় 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সাথে উদ্দীপকের গল্পের মিল পরিলক্ষিত হলেও গল্পের সম্পূর্ণ পরিণতি পরিলক্ষিত হয় না। তাই বলা যায় উদ্দীপকটিকে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সম্পূর্ণ প্রতিচ্ছবি বলা যায় না।

**প্রশ্ন -৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রাফি তার মায়ের সাথে শহরে এসেছে। তার মা কোনো এক বাসায় ঝি-এর কাজ করে। রাফি একদিন হাঁটতে হাঁটতে এক বিরাট বড়লোকের বাসার গেটের সামনে এসে দাঁড়ায়। দারওয়ান তাকে ধাক্কা মেরে তাড়িয়ে দেয়। কিন্তু ওই বাড়ির ছেলে তাহমিদ তা দেখে দোতলা থেকে নেমে এসে বলে ওকে মারছ কেন ওকে আমার সাথে যেতে দাও। ভিতরে গিয়ে আমার সাথে খেলা করবে।

ক. রাজকুমারের পিতার নাম কী? ১

খ. টমের জন্মের পর তার বাবা-মা'র মুখে হাসি ছিল না কেন? ২

গ. উদ্দীপকের রাফি চরিত্রের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ."উদ্দীপকের তাহমিদের সঙ্গে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমারের সাদৃশ্য থাকলেও বৈসাদৃশ্যও কম নয়"–বিশ্লেষণ কর। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

ক. রাজকুমারের পিতার নাম এডওয়ার্ড টিউডর।

খ. টমের জন্মের পর কীভাবে তার খাবারের ব্যবস্থা হবে তা ভেবে তার মা-বাবার চিন্তা বাড়ে।

টমের মা-বাবা ছিল খুবই দরিদ্র। তারা লন্ডনের একটি বস্তিতে থাকত এবং ভিক্ষা করে জীবিকা নির্বাহ করত। ভিক্ষা করে যে অর্থ উপার্জন হতো তাতে তাদের নিজেদের খাবারের ব্যবস্থা করাই কষ্টকর ছিল। এমন অবস্থায় তাদের সংসারে টমের জন্ম হলো। তাই টমের খাবার নিয়ে মা-বাবার চিন্তা বাড়ে।

গ. উদ্দীপকের রাফি চরিত্রের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের বস্তির ছেলে টম ক্যান্টির সাদৃশ্য পাওয়া যায়।

সুখ-সমৃদ্ধির প্রতি মানুষের দুর্বলতা সহজাত। যে কারণে বিত্তশালী ও ক্ষমতাধরদের জীবনযাপনের প্রতি গরিব ও অসহায়দের কৌতূহল দুর্নিবার। এ কৌতূহল মেটাতে তারা রাজপুত্র হওয়ায় স্বপ্নকে অন্তরে লালন করে।

উদ্দীপকের রাফি ঝি-এর ছেলে। শহরে থাকলেও বড়লোকদের জীবনযাপন নিয়ে তার কৌতূহলের অন্ত নেই। কৌতূহল মেটাতে ধনী গৃহের সামনে গিয়ে সে দারোয়ানের ধাক্কা খায়। এ দৃশ্য দেখে বাড়ির ছেলে তাহমিদ দারোয়ানকে গালমন্দ করে রাফিকে ভেতরে নিয়ে গিয়ে খেলা করে। অন্যদিকে

'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমার দারোয়ানের টম ক্যান্টিকে পদাঘাত করেতে দেখে তাকে রাজপ্রাসাদের ভিতরে নিয়ে বন্ধুর মতো আচরণ করে। তাই বলা যায়, রাফি ও টম ক্যান্টি চরিত্র দুটি সাদৃশ্যপূর্ণ।

ঘ. "উদ্দীপকের তাহমিদের সঙ্গে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমারের সাদৃশ্য থাকলেও বৈসাদৃশ্য কম নয়।"– উক্তিটি যথার্থ।

উদ্দীপকের তাহমিদ ও গল্পের রাজকুমার দুজনই চিত্তশালী ও অসহায়-গরিবদের প্রতি স্নেহশীল। তবে তাহমিদ রাজকুমার তো নয়ই। এমনকি ক্ষমতা কিংবা অন্যান্য যেকোনো বিচারে কাছাকাছিও নয়।

গল্পের রাজকুমার টম ক্যান্টিকে রাজপ্রাসাদে নিয়ে কেবল খেলাধুলাই করে না, তারা পোশাক বদল করে। এর সঙ্গে যেন পাল্টে যায় তারাও। দুজনই নানা উৎসব-আনন্দ ও ঘাত-প্রতিঘাতের মুখোমুখি হয়। বাস্তব অভিজ্ঞতা দিয়ে উপলব্ধি করে নতুন জীবন। অন্যদিকে তাহমিদ রাফিকে ভিতরে নিয়ে কেবল খেলাধুলা করে, অন্য কোনো ঘটনা তাদের জীবনে ঘটতে দেখা যায় না।

উদ্দীপক ও আলোচ্য গল্প বিশ্লেষণে দেখা যায়, তাহমিদ ও রাজকুমারের মধ্যে সামান্য সাদৃশ্য থাকলেও বৈসাদৃশ্যও কম নয়। বরং গল্পের বিস্তীর্ণ আঙ্গিকই বেশি। তাই বলা যায়, প্রশ্নোক্ত উক্তিটি যথার্থ।

**প্রশ্ন -৬ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

কৃষক রহমত মিয়া একরাতে এক ধনীর বাড়িতে থাকার সুযোগ পেয়েছিলেন। ধনী ব্যক্তি তাকে সুস্বাদু খাবার দিলেন। শোবার ঘরে দামি বিছানায় শুতে দিলেন। শীতে আরামদায়ক কম্বলের নিচে শুয়ে তার ঘুম আসছিল না। সারারাত অনিদ্রায় কেটে যায়। কারণ এমন আরামের বিছানায় তার ঘুমানোর অভ্যাস ছিল না। পরের দিন সে তার নিজ কুঁড়েঘরে ফিরে আসে। নিজ ঘরই কৃষক রহমত মিয়ার শান্তির আশ্রয়।

ক. সৈনিকের নাম কী? ১

খ. রাজ্যময় খুশির ঢেউ বইল কেন? ২

গ. উদ্দীপকের মূলভাব 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ.'নিজ ঘরটিই রহমত মিয়ার শান্তির আশ্রয়'– উক্তিটি 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

**▸◂ ৬নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. সৈনিকের নাম মিলস হেনডেন।

খ. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে রাজকুমার প্রিন্স অব ওয়েলস এর জন্ম হওয়ায় রাজ্যময় খুশির ঢেউ বইল।

ইংল্যান্ডের রাজা এডওয়ার্ডের পরিবার ধনী এবং অভিজাত, তাই তার পরিবারে নতুন শিশুর জন্মের ঘটনায় পরিবার ও পুরো রাজ্যজুড়ে খুশি ও আনন্দের ঢেউ বয়ে যায়। রাজার পরিবারে নতুন বংশধরের আগমনে রাজ্যের সবাই উচ্ছ্বসিত হয়।

গ. উদ্দীপকের বাস্তবতার সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের টম ক্যান্টির রাজপ্রাসাদে যে অবস্থা হয়েছিল তার মিল রয়েছে।

'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে ভিখারির ছেলে টম ঘটনাচক্রে একদিন রাজকুমারে পরিণত হয়ে রাজপ্রাসাদে বসবাস করার সুযোগ পায়। কিন্তু সে রাজকুমারসুলভ আচরণ করতে গিয়ে জীবনের স্বাভাবিক ছন্দময়তা হারায়। তাই নিজ গৃহে নিজ অবস্থানে ফিরে আসার জন্য ব্যাকুল হয়ে ওঠে। উদ্দীপকেও তেমনি দরিদ্র কৃষক রহমত ধনীর ঘরে এক রাতের জন্য আশ্রয় ও সেবাযত্ন পেয়ে নিজেকে সামলাতে পারেনি। জীবনযাপনের অনভ্যস্ততার দরুন এক রাতেই সে হাঁপিয়ে ওঠে। সারারাত না ঘুমিয়ে পরের দিনই নিজ কুঁড়েঘরে ফিরে আসে। অর্থাৎ মানুষ যে পরিবেশে বেড়ে ওঠে সে পরিবেশেই সে স্বাচ্ছন্দ্যবোধ করে। গল্পের এ দিকটির সাথেই উদ্দীপকের মূলভাবের মিল রয়েছে।

ঘ. উদ্ধৃত উক্তিটিতে মানুষের স্বাভাবিক জীবনযাপনের অভ্যস্ততার বা ছন্দময়তার দিকটি বোঝানো হয়েছে।

'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে ভিখারির ছেলে কল্পনাবিলাসী টম রাজকুমারের জীবনযাপনের প্রতি প্রবল মোহে ঘটনাচক্রে একদিন রাজপ্রাসাদে বসবাস করার সুযোগ পায়। কিন্তু রাজপ্রসাদের গণ্ডিতে রাজকুমারসুলভ আচরণ করতে গিয়ে সে ভীত হয়ে পড়ে। ইচ্ছেমতো ঘোরাফেরা, স্বাধীন জীবনযাপন অর্থাৎ নিজের অস্তিত্ব ও বাসস্থানের প্রতি প্রবল টান অনুভব করে এবং ফিরে যাবার জন্য ব্যাকুল হয়ে ওঠে।

উদ্দীপকেও ঠিক তেমনি কৃষক রহমত মিয়া ধনী ব্যক্তির বাড়িতে একরাতে সুস্বাদু খাবার ও দামি বিছানায় আরামদায়ক কম্বলের নিচে শুয়ে সারারাত ঘুমাতে পারে না। কারণ এমন আরামের বিছানায় তার ঘুমানোর অভ্যাস ছিল না। অর্থাৎ জীবনযাপনের অনভ্যস্ততার দরুনই একরাতে ধনীর গৃহের আতিথেয়তা তার স্বাভাবিক জীবনে ছন্দপতন ঘটায়। তাই নিজের কুঁড়েঘরে ফিরে আসার জন্য ব্যাকুল হয়ে ওঠে। পরের দিন নিজ ঘরে ফিরে সে শান্তি খুঁজে পায়। উদ্দীপক ও আলোচ্য গল্পের আলোকে তাই বলা যায় নিজের ঘরই সবার কাছে শান্তির আশ্রয়।

উল্লিখিত আলোচনায় বলা যায়, 'নিজ ঘরটিই রহমত মিয়ার শান্তির আশ্রয়'।

**প্রশ্ন -৭ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

**উদ্দীপক-১ :** 'নদীর এপার কহে ছাড়িয়া নিঃশ্বাস
ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস।'

**উদ্দীপক-২ :** 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।'

ক. রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে রাজার পরামর্শদাতা কে? ১

খ. টমের কাছে সব কিছু স্বপ্নের মতো মনে হয় কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপক-১ এ 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের যে দিকটি প্রতিবিম্বিত করে – তা ব্যাখ্যা কর। ৩

ঘ.উদ্দীপক-২ এ বর্ণিত দিকটি 'রাজকুমার ও ও ভিখারির ছেলে' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

**▸◂ ৭নং প্রশ্নের উত্তর ▸◂**

ক. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে রাজার পরামর্শদাতা হলেন লর্ড চ্যান্সেলর।

খ. টমের মতো একজন বস্তির নোংরা ছেলের রাজপ্রাসাদে প্রবেশ এবং রাজপুত্রের সাথে আলাপচারিতা এসবকিছু স্বপ্নের মতো মনে হয়।
টম ছিল খুব কল্পনাবিলাসী। সে মনে মনে সত্যিকার রাজকুমারকে দেখার ইচ্ছা পোষণ করত। একদিন হাঁটতে হাঁটতে সে রাজপ্রাসাদের সিংহদ্বারে পৌঁছে যায়। এমন সময় দারোয়ান এসে তাকে পদাঘাত করল। রাজকুমার তা দেখে দারোয়ানকে খুব বকা দিয়ে টমকে রাজপ্রাসাদের ভেতরে নিয়ে গেলেন। টম তার জীবনের গল্প এবং রাজকুমার তার জীবনের গল্প একে অপরকে বলল। এসবকিছু টমের কাছে স্বপ্নের মতো মনে হয়।

গ. উদ্দীপক-১ এ 'রাজকুমার ও ভিখারির ছেলে গল্পে বর্ণিত অপ্রাপ্তির প্রতি মানব মনের আকাঙ্ক্ষার দিকটিকে প্রতিবিম্বিত করে।
অপ্রাপ্য জিনিসের প্রতি মানব মনের যে বাসনা তা উদ্দীপকে রূপকার্থে ফুটে উঠেছে। উদ্দীপক-১ এ নদীর প্রবহমান জলধারা দুই তীরের মধ্যে ব্যবধান সৃষ্টি করে। এর ফলে দুই তীরে কোনোটিই নিজের অবস্থানে তৃপ্ত ও সন্তুষ্ট হতে পারে না। প্রত্যেকেই ভাবে, অন্য তীর তার তুলনায় ভাগ্যবান এবং সে বঞ্চিত ও অসুখী।
'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে বস্তির ছেলে টম এবং রাজপ্রাসাদের যুবরাজ টমের ভেতর আমরা এমনই অনুভূতি ক্রিয়াশীল দেখি। গল্পে রাজকুমারকে দেখা যায়, ভিখারির ছেলে টমকে দেখে ও তার বস্তিজীবনের কথা শুনে বস্তিজীবনের স্বাদ উপভোগ করতে চায়। আর ভিখারির ছেলে টম তো জন্মের পর থেকেই রাজকুমার হওয়ার কল্পনায় মগ্ন। অর্থাৎ উদ্দীপক-১ এ প্রত্যেক মানুষ ভাবে যে তার চেয়ে অন্যরা বেশি সুখী এ মানব প্রবৃত্তি প্রতিবিম্বিত করে।

ঘ. উদ্দীপক ২-এ বর্ণিত দিকটি রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের আলোকে যথার্থ।
উদ্দীপক-২ এ স্ব-স্ব অবস্থানেই যে সবাই সুন্দর সেই বক্তব্যই প্রকাশিত হয়েছে। মানুষ তার চেনা গণ্ডিতেই থাকতে পছন্দ করে। শুধু মানুষ নয়; জীবমাত্রই নিজ পরিবেশনির্ভর। তাইতো বন্যেরা বনে সুন্দর আর শিশুরা মাতৃক্রোড়ে।
যে যে রকম প্রকৃতি ও পরিবেশে মানুষ, সে সেখানেই স্বচ্ছন্দ্যবোধ করে। এ কারণেই অনেক চড়াই-উৎরাই পার হয়ে আবার পূর্বের জীবনে ফেরার জন্য ব্যাকুল হয়ে ওঠে রাজকুমার আর টম ক্যান্টি। বনের প্রাণী যেমন বনে সুন্দর, শিশুরা যেমন মাতৃক্রোড়েই সুন্দর ঠিক সেভাবে রাজার ছেলে রাজপ্রাসাদেই সুন্দর, ভিখারির ছেলে সুন্দর তার আপন পরিবেশেই।
'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে দরিদ্র পরিবারের সন্তান টম ক্যান্টি রাজকুমারের জীবনযাপনের প্রতি আকৃষ্ট হয়ে নিজেকে রাজকুমার ভাবতে ভালোবাসে। অন্যদিকে রাজকুমারও টম ক্যান্টির জীবনের গল্প শুনে আকৃষ্ট হয়। একসময় তারা উপলব্ধি করে নিজ নিজ জীবন আর অবস্থানই তাদের জন্য আনন্দদায়ক।
তাই বলা যায়, উদ্দীপকের ২-এ বর্ণিত স্ব-স্ব অবস্থানেই যে সবাই সুন্দর সেই বক্তব্যই প্রকাশিত হয়েছে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের।

**প্রশ্ন -৮ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

গ্রামের ছেলে মিলন বহু দিন ধরে গ্রাম ছেড়ে ঢাকা শহরে জীবনযাপনে আগ্রহী। দবির উদ্দিন গ্রাম থেকে দূর সম্পর্কের ভাগ্নে মিলনকে ঢাকায় নিয়ে এলেন। ঢাকায় নিজ বাড়িতে রেখে সন্তানের মতো মানুষ করতে চান। কিন্তু, মাঠে-ঘাটে, ঘুরে বেড়ানো মিলন আরাম-আয়েশের বাড়িতে কিছুতেই মানিয়ে নিতে পারে না।

ক. কার কাছে টম ল্যাটিন শিখেছে? ১

খ. রাজকুমার সৈনিককে 'আরল' খেতাব দিল কেন? ২

গ. উদ্দীপকের মিলন চরিত্রের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন চরিত্রের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.'সাদৃশ্য থাকলেও চরিত্র দুটি পুরোপুরি এক নয়'– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৮নং প্রশ্নের উত্তর**

ক. টম ফাদার এন্ড্রু নামক এক ধর্মযাজকের কাছে ল্যাটিন শিখেছে।

খ. সৈনিকের পরোপকারিতায় খুশি হয়ে রাজকুমার তাকে 'আরল' খেতাব দিল।

সৈনিককে অন্যায়ভাবে বন্দি করে বিচারক তাকে দুই দিন জেলের শাস্তি দিলে রাজকুমার বিচারককে সৈনিকের মুক্তির হুকুম দেন। বিচারকের ওপর এরূপ বেয়াদবির জন্য রাজকুমারের চাবুক মারার শাস্তি হলে সৈনিক নিজেই তা মাথা পেতে নেন। সৈনিকের এই মানবিকতা দেখে রাজকুমার তাকে মহান লোক বলে 'আরল' খেতাবে ভূষিত করে।

গ. উদ্দীপকের মিলন চরিত্রের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের টম ক্যান্টি চরিত্রের মিল আছে।

গল্পের টম ছোটবেলা থেকেই কল্পনাবিলাসী ছিল। সে রাজা, রাজকুমার হওয়ার স্বপ্নে বিভোর হয়ে থাকত এবং সমবয়সিদের কাছে সে রাজকুমার নামেই পরিচিত হতে চাইত। ঘটনাচক্রে একদিন সে রাজকুমারে পরিণত হয়ে রাজপ্রাসাদে বসবাস করতে থাকে। কিন্তু সে রাজমহলে নিজেকে মানিয়ে নিতে পারেনি। আর তাই ভিখারির ছেঁড়া পোশাক ও বস্তিতে ফিরে যাওয়ার জন্য তার মন ব্যাকুল হয়ে ওঠে।

উদ্দীপকের মিলনও গ্রাম থেকে প্রত্যাশিত শহর ঢাকায় এলে তার আর ভালো লাগে না। তার কাছে অনেক মূল্যবান হয়ে পড়ে খেয়ে না খেয়ে মাঠেঘাটে ঘুরে বেড়ানোর জীবন। তাই সে ঢাকা শহরে নিজেকে মানিয়ে নিতে না পারার কারণেই গ্রামের জন্য সে ব্যাকুল হয়ে ওঠে। তাই বলা যায়, উদ্দীপকের মিলন চরিত্রের সাথে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের টম ক্যান্টি চরিত্রের মিল আছে।

ঘ. 'সাদৃশ্য থাকলেও চরিত্র দুটি পুরোপুরি এক নয়'– উক্তিটি যথার্থ।

'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে টম বস্তির ভিক্ষুকের ছেলে হলেও সে কল্পনাবিলাসী। সে রাজকুমার হতে চায়। ঘটনাচক্রে তার কল্পনা বাস্তবায়িত হলে তার কাছে রাজমহল অতৃপ্তির মনে হয় এবং বস্তির ছেঁড়া কাপড়ে স্বাধীন মতো চলা ও খেলা করার জন্য মন ব্যাকুল হয়ে ওঠে।

উদ্দীপকের মিলনও হঠাৎ করে অচেনা ঢাকা শহরে আসে। কিন্তু তার কাছে মামার বাড়ির আরাম-আয়েশের পরিবেশের চেয়ে গ্রামের মুক্তজীবন আনন্দের মনে হয়। তাই টম ও মিলন চরিত্রের মধ্যে নতুন হঠাৎ করে নতুন পরিবেশে উপস্থিত হওয়ার ক্ষেত্রে সাদৃশ্য থাকলেও পরিবেশকে মানিয়ে নিতে না পারার এবং অন্যান্য বিষয়ে বৈসাদৃশ্য বিদ্যমান।

মানুষ সর্বদা নিজের বিপরীত অবস্থানের মানুষকে সুখী মনে করে। কিন্তু কোনো কারণবশত সে যদি তার বিপরীত অবস্থানে এসে পৌঁছায় তাহলে আবার আগের অবস্থানের জন্য ব্যাকুল হয়ে পড়ে। যা উদ্দীপক ও গল্পে লক্ষ করা যায়। তাই বলা যায় মিলন ও টমের মধ্যে কিছু বিষয়ে মিল থাকলেও চারিত্রিক বৈশিষ্ট্যে তা পুরোপুরি এক নয়।

**প্রশ্ন -৯ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

একবার পারস্যের বিখ্যাত কবি শেখ সাদিকে রাজদরবারে নিমন্ত্রণ করা হলে তিনি ছেঁড়া পোশাকে উপস্থিত হন। প্রহরীরা তাকে ভিখারি মনে করে গরিব লোকদের সাথে খাবার খেতে দেয়। কবি সেখান থেকে বের হয়ে দামি সাহেবি পোশাক পরে আবার এলে তাঁকে রাজদরবারে সম্মানিত লোকদের সাথে একই জায়গায় বসানো হয়। তিনি খাবার খেতে বসে জামার পকেটে খাবার ঢোকাতে থাকেন। অন্যরা এর কারণ জানতে চাইলে তিনি বলেন দামি পোশাকের কারণেই তাকে সম্মানিত লোকদের সাথে বসিয়ে খাবার দেওয়া হচ্ছে। তাই এই পোশাকই এই খাবারের অধিকারী।

ক. লর্ড চ্যান্সেলর কে? ১

খ. রাজকুমারের বিড়ম্বনার কথা বর্ণনা কর। ২

গ. উদ্দীপকে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের কোন দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ.'পোশাকই সমাজে মানুষের বড় পরিচয়'– উদ্দীপক ও 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

ক. লর্ড চ্যান্সেলর হলেন ইংল্যান্ডের রাজা এডওয়ার্ড টিউডরের পরামর্শদাতা।

খ. বিপরীত অবস্থানের জীবন উপভোগের আশায় রাজকুমার ভিখারির ছেলের পোশাক পরে তার মতো রাস্তায় নেমে এলে রাজকুমারকে নানা বিড়ম্বনার শিকার হতে হয়।

ঘটনাচক্রে ভিখারির ছেলে টমের সাথে পরিচয় ও পোশাক বদলের পর থেকে রাজকুমারকে নানা বিড়ম্বনার মুখোমুখি হতে হয়। ভিখারির ছেলের বেশে রাজপ্রাসাদের বাইরে বের হওয়া মাত্রই দারোয়ান তাকে কষে চড় দেয়। হোস্টেলের ছেলেমেয়েরা পাগল ভেবে চ্যাংদোলা করে পুকুরের

পানিতে ফেলে দেয়। টমের বাবা রাজকুমারকে টম ভেবে মারধর করে ও আটকে রেখে শাসন করে। সন্ন্যাসীর ছদ্মবেশী ঘাতক তাকে হত্যা করার চক্রান্ত করে। এছাড়াও ভিক্ষা করা, জেলখানায় বন্দি থাকা– এসবকিছুর মধ্য দিয়ে রাজকুমারের বিড়ম্বার চিত্র ফুটে উঠেছে।

গ. মানুষের পরিধেয় পোশাকের মূল্যের ওপর ভিত্তি করে সমাজে তার অবস্থান নির্ধারণ হয়। উদ্দীপকে 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের এই দিকটি প্রকাশ পেয়েছে।

গল্পের রাজকুমার এডওয়ার্ড ও ভিখারির ছেলে টম দুজনই হুবহু একই চেহারার, শুধু পোশাকই তাদের ভিন্ন। ঘটনাচক্রে রাজকুমার এডওয়ার্ড টমের বস্তি জীবনের স্বাধীনতা ও খেলাধুলার স্বাদ নিতে চায় তেমনি টমও রাজকুমারের রাজমহলের স্বাদ নিতে আগ্রহী। তাই পোশাক পরিবর্তনের মাধ্যমে চেহারা এক হওয়ায় তাদের সমাদরে পরিবর্তন দেখা যায়। রাজকুমার পথে পথে হয় লাঞ্ছিত ও অপমানিত এবং টমের জীবন হয় কদরে ও সমাদরে পরিপূর্ণ।

উদ্দীপকে শেখ সাদিও তেমনি একই ব্যক্তি হওয়া সত্ত্বেও প্রথমবার খারাপ পোশাকের জন্য গরিব লোকদের সাথে খাবার খেতে হয়। পরের বার সাহেবি পোশাক পরিধান করলে ধনীদের সাথে তার সমাদর হয়। তাই বলা যায়, উদ্দীপক ও গল্পে একই চেহারার হওয়া সত্ত্বেও পোশাকের ওপর ভিত্তি করে মূল্যায়নের দিকটি প্রকাশ পেয়েছে।

ঘ. 'পোশাকই সমাজে মানুষের বড় পরিচয়'– উদ্দীপক ও গল্পের আলোকে উক্তিটি সত্য।

গল্পে ভিখারির ছেলে টম ঘটনাচক্রে রাজকুমার এডওয়ার্ডের সাথে পরিচিত হলে তারা তাদের বিপরীত অবস্থানের জীবন উপভোগ করার জন্য পোশাক পরিবর্তনের মাধ্যমে অবস্থার পরিবর্তন করে। তারা দেখতে হুবহু এক হওয়ায় কেবল পোশাকের মাধ্যমেই তাদের আলাদা করা যায়। তাই পোশাক পরিবর্তনে প্রকৃত রাজপুত্রকে ভিখারির ছেলে ভেবে দারোয়ান কষে চড় দেয়, হোস্টেলের ছেলেমেয়েরা চ্যাংদোলা করে পানিতে ফেলে দেয়। অন্যদিকে ভিখারির ছেলে টম রাজকীয় কায়দায় সমাদর পায়।

উদ্দীপকে তেমনি শেখ সাদিকে পোশাকের ভালো-মন্দের ওপর ভিত্তি করে তার সমাদরের ব্যবস্থা করা হয়। শেখ সাদি ছেঁড়া পোশাকে উপস্থিত হলে তাকে গরিব লোকদের সাথে খাবার খেতে দেয়। আবার দামি সাহেবি পোশাক পরে আসলে রাজদরবারে সম্মানিত লোকদের সাথে খাবার খেতে দেয়া হয়। কোনো গুণাবলি নয় পোশাক দ্বারাই উদ্দীপকে শেখ সাদি ও গল্পে রাজকুমার ও টমের পরিচয় বিধৃত হয়েছে।

উল্লিখিত আলোচনায় বলা যায়, পোশাকই সমাজে মানুষের বড় পরিচয়– উদ্দীপক এবং 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের আলোকে উক্তিটি সম্পূর্ণ সত্য ও যৌক্তিক।

**প্রশ্ন-১০ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

খলিফা হযরত ওমর (রা) ছিলেন একজন মহান শাসক। তিনি নাগরিকদের সামগ্রিক মঙ্গলের জন্য সবসময় চিন্তিত থাকতেন। মানুষের দুঃখদুর্দশা প্রত্যক্ষ করার জন্য তিনি রাতের বেলা ছদ্মবেশে নগরের রাস্তায় ঘুরে বেড়াতেন এবং সাধ্যমতো সেগুলো সমাধানের চেষ্টা করতেন।

ক. রাজকুমারের সঙ্গী ভিক্ষুক ছেলেটির নাম কী ছিল? ১

খ. সন্ন্যাসী রাজকুমারকে খুন করতে উদ্যত হলো কেন? ২

গ. উদ্দীপকের ঘটনাটি 'রাজকুমার ও ভিখারির ছেলে'– গল্পের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ?– ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের খণ্ডাংশের ইঙ্গিত বহন করে মাত্র"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

**১০নং প্রশ্নের উত্তর**

ক. রাজকুমারের সঙ্গী ভিক্ষুকটির নাম ছিল হিউগ্স।

খ. সন্ন্যাসী রাজকুমারের বাবার ওপর প্রতিশোধের ক্ষোভে রাজকুমারকে খুন করতে উদ্যত হলো।

রাজকুমার যখন টমের বাবার অত্যাচারে হিউগসের সাথে ভিক্ষার জন্য রাস্তায় নামতে বাধ্য হয়, তখন রাজকুমার হিউগসের কৌশল ফাঁস করে বনে পালিয়ে যায়। বনে এক সন্ন্যাসী রাজকুমারের পরিচয় পেয়ে তাকে ঠাঁই দেয়। কিন্তু রাজকুমারের বাবা সন্ন্যাসীর ওপর অত্যাচার করেছে, তাকে ধর্ম থেকে বিতাড়িত করেছে, তার অনুসারীদের দেশ থেকে তাড়িয়ে দিয়েছে। তাই ক্ষোভের কারণে প্রতিশোধ স্বরূপ সে রাজকুমারকে মারতে উদ্যত হয়।

গ. 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমারের পথ চলতে চলতে রাজ্যের সব অনাচার দেখা ও দূর করতে চাওয়া ঘটনাটি উদ্দীপকের ঘটনাটির সাথে সাদৃশ্যপূর্ণ।

গল্পে ঘটনাচক্রে রাজকুমার বিপরীত অবস্থানের জীবনের স্বাদ অনুভব করার জন্য ভিখারির ছেলেতে রূপান্তরিত হয়। রাজকুমার ভিখারির মতো পথে পথে চলার সময় রাজ্যের সব অনাচার তার চোখের ওপর ভেসে ওঠে এবং সিংহাসনে আরোহণের পর এসব অন্যায়-অনাচার দূর করার বিষয়ে মনে মনে অঙ্গীকার করে।

উদ্দীপকেও হযরত ওমর (রা) ছিলেন মহান শাসক। তিনিও কষ্ট করে ছদ্মবেশে নগরের রাস্তায় ঘুরে ঘুরে প্রজাদের সমস্যা দেখে সমাধানের চেষ্টা করতেন। তাই উদ্দীপকের হযরত ওমর (রা) ও গল্পের রাজকুমার এডওয়ার্ডের ঘটনা সাদৃশ্যপূর্ণ।

ঘ. "উদ্দীপকটি 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের খণ্ডাংশের ইঙ্গিত বহন করে মাত্র"— মন্তব্যটি যথার্থ।

'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে ভিখারির ছেলে টম ঘটনাচক্রে রাজকুমার এডওয়ার্ডের সাথে পরিচিত হলে তারা বিপরীত অবস্থানের জীবন উপভোগ করার জন্য পোশাক পরিবর্তনের মাধ্যমে অবস্থার পরিবর্তন করে। এতে ঘটনাক্রমে রাজকুমার ভিখারির ছেলেতে পরিণত হয়ে রাস্তায় রাস্তায় হাঁটার সময় জনগণের দুঃখ নিজ চোখে দেখে। এগুলো তাকে মর্মাহত করে এবং সে জনগণের এসব দুঃখ দুর্দশা দূর করার জন্য মনে মনে প্রতিজ্ঞাবদ্ধ হয়। উদ্দীপকটি গল্পের শুধু এই বিষয়টিরই ইঙ্গিত বহন করে।

উদ্দীপকে খলিফা ওমর (রা.) নাগরিকদের সামগ্রিক মঙ্গলের জন্য সবসময় চিন্তিত থাকতেন। মানুষের দুঃখদুর্দশা প্রত্যক্ষ করার জন্য তিনি রাতের বেলা ছদ্মবেশে নগরের রাস্তায় ঘুরে বেড়াতেন এবং সাধ্যমতো সেগুলো সমাধানের চেষ্টা করতেন। কিন্তু জনগণের প্রতি মমতার দিকটি ছাড়াও আলোচ্য গল্পে আরও অনেক বিষয় সন্নিবেশিত হয়েছে। রাজকুমার ও টমের পোশাক পরিবর্তন, পোশাক পরিবর্তনের পর তাদের দুজনার সামগ্রিক পরিস্থিতি তাদের পরিণতি এসব বিষয় উদ্দীপকে অনুপস্থিত।

উল্লিখিত আলোচনায় বলা যায়, উদ্দীপকটি 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের খণ্ডাংশের ইঙ্গিত বহন করে মাত্র, সমগ্র বিষয়ের নয়।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন-১১ ▸** নদীর অপর পাড়েই পৃথিবীর সব সুখ নিহিত বলে মনে হয়। আসলে যারা ধনী, কখনো দরিদ্রতার সাথে বসবাস করেনি, তাদের মনে দরিদ্রের জীবন যাপনের প্রতি কৌতূহল সৃষ্টি হয়, জানার তীব্র বাসনা জাগে। আবার যারা মানবেতর জীবনযাপনে অভ্যস্ত, তাদের মন বিত্তশালীদের মতো একদিনের জন্য হলেও সুখের পরশের প্রত্যাশী। আসলে সমাজে প্রত্যেককে তার অবস্থান অনুযায়ী সমস্যার সমাধান করতে হয়।

ক. ক্লান্ত রাজকুমার কোথায় ঘুমিয়ে পড়ল? ১

খ. ছেলেমেয়েরা টমের পাগলামি উপভোগ করত কেন? ২

গ. উদ্দীপকটি তোমার পাঠ্যবইয়ের কোন রচনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি উক্ত রচনার মূলভাবকে সম্পূর্ণরূপে ধারণ করে কি? মতের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ■ ■ জ্ঞানমূলক ■ ■

**প্রশ্ন ॥ ১ ॥ টমের বাবার নাম কী?**

**উত্তর :** টমের বাবার নাম জন ক্যান্টি।

**প্রশ্ন ॥ ২ ॥ 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে সবচেয়ে সুন্দর অট্টালিকা কোনটি?**

**উত্তর :** 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে সবচেয়ে সুন্দর অট্টালিকা হচ্ছে ওয়েস্টমিনিস্টারস প্যালেস।

**প্রশ্ন ॥ ৩ ॥ রাজকুমার রূপী টম কার মৃত্যুদণ্ড তুলে নিয়ে তাকে মুক্ত করেছিল?**

**উত্তর :** রাজকুমার রূপী টম নরফোকের ডিউকের মৃত্যুদণ্ড তুলে নিয়ে তাকে মুক্ত করেছিল।

**প্রশ্ন ॥ ৪ ॥ রাজকুমার এডওয়ার্ড কাকে 'আরল' খেতাবে ভূষিত করেছিল?**

**উত্তর :** রাজকুমার এডওয়ার্ড সৈনিক মিলস হেনডেনকে 'আরল' খেতাবে ভূষিত করেছিল।

**প্রশ্ন ॥ ৫ ॥ টম বড় রাজকীয় সিলটা দিয়ে কী করত?**

**উত্তর :** টম বাদামের খোসা ছাড়াতে এবং বাদাম ভাঙতে বড় রাজকীয় সিলটাকে হাতুড়ির মতো ব্যবহার করত।

**প্রশ্ন ॥ ৬ ॥ টম ক্যান্টি কোথায় জন্ম নিয়েছিল?**

**উত্তর :** টম ক্যান্টি বস্তিতে জন্ম নিয়েছিল।

**প্রশ্ন ॥ ৭ ॥ রাজকুমারের প্রকৃত নাম কী?**

**উত্তর :** রাজকুমারের প্রকৃত নাম প্রিন্স অব ওয়েলস।

**প্রশ্ন ॥ ৮ ॥ ছদ্মবেশী রাজকুমারকে আনন্দিত করার জন্য কোথায় নিয়ে যাওয়া হলো?**

**উত্তর :** ছদ্মবেশী রাজকুমারকে আনন্দিত করার জন্য নৌবিহারে নিয়ে যাওয়া হলো।

**প্রশ্ন ॥ ৯ ॥ চোরের দল রাজকুমারকে কী নাম দিল?**

**উত্তর :** চোরের দল রাজকুমারের নাম দিল ফুফু দি ফাস্ট।

**প্রশ্ন ॥ ১০ ॥ 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পের রাজকুমারের পিতার নাম কী?**

**উত্তর :** 'রাজকুমার ও ভিখারির ছেলে' শীর্ষক গল্পের রাজকুমারের পিতার নাম এডওয়ার্ড টিউডর।

**প্রশ্ন ॥ ১১ ॥ নদীতে সাঁতার কাটা, কাদা নিয়ে খেলা করার জীবন কার ছিল?**

**উত্তর :** নদীতে সাঁতার কাটা, কাদা নিয়ে খেলা করার জীবন ছিল টম ক্যান্টির।

**প্রশ্ন ॥ ১২ ॥ 'রাজকুমার ও ভিখারির ছেলে' গল্পে কাদের চেহারা দেখতে হুবহু এক রকম ছিল?**

**উত্তর :** 'রাজকুমার ও ভিখারির ছেলে' শীর্ষক গল্পে ইংল্যান্ডের রাজকুমার এডওয়ার্ড এবং লন্ডনের বস্তির ভিখারির ছেলে টম ক্যান্টির চেহারা দেখতে হুবহু এক রকম ছিল।

## ■ ■ অনুধাবনমূলক ■ ■

**প্রশ্ন ॥ ১ ॥ টম কীভাবে রাজকুমারের সন্ধান পেল?**

**উত্তর :** রাজ প্রাসাদের গেটের ফাঁক দিয়ে সুন্দর পোশাক পরা এক বালককে দেখে টম রাজকুমারের সন্ধান পেল।

একদিন টম সত্যিকারের রাজকুমারের সন্ধানে বেরিয়ে পড়ে। টম হাঁটতে হাঁটতে অনেকদূর অচেনা জায়গায় এসে উপস্থিত হয়। সামনে বিশাল বিশাল অট্টালিকা দেখতে পেয়ে অট্টালিকাগুলোর মধ্যে সবচেয়ে সুন্দর ওয়েস্টমিনিস্টারস প্যালেস দেখে সে ভাবল, এত বড় অট্টালিকা নিশ্চয়ই কোনো রাজপ্রাসাদ হবে। এমন সময় গেটের ফাঁক দিয়ে তারই বয়সী সুন্দর সুসজ্জিত পোশাক পরা এক বালককে দেখতে পেল। এই বালকই যে সত্যিকারের রাজকুমার তা সে নিশ্চিতভাবে বুঝতে পারল। এভাবে টম রাজকুমারের সন্ধান পেল।

**প্রশ্ন ॥ ২ ॥ রাজকুমার বস্তির ছেলে টম ক্যান্টির সঙ্গে পোশাক বদলে আগ্রহী কেন? বুঝিয়ে লেখ।**

**উত্তর :** একঘেয়েমি দূর করার জন্য রাজকুমার বস্তির ছেলে টম ক্যান্টির সঙ্গে পোশাক বদলে আগ্রহী।

রাজকুমারকে সবসময় ভালো কাপড়চোপড় পরে রাজকীয় রীতিনীতি মেনে চলাফেরা করতে হয়। ইচ্ছে করলেই সে অন্য সাধারণ বালকের মতো এখানে–সেখানে খেলাধুলা করতে পারে না। টমের মতো নদীতে সাঁতার কাটা, কাদা নিয়ে খেলা করা, একে অন্যের দিক কাদা ছুড়ে মজা করার আনন্দ সে কখনই পায়নি। তাই টমের মুক্ত-স্বাধীন জীবনের প্রতি আকৃষ্ট হয়ে সে টমের সঙ্গে পোশাক বদলে আগ্রহী হয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ "নিজস্ব পরিবারের চেয়ে আপন এবং আনন্দের আর কিছু নেই'– বিশ্লেষণ কর।**

**উত্তর :** লাইনটিতে বোঝানো হয়েছে, নিজের পরিবারের চেয়ে আপন ও আনন্দের কিছু হতে পারে না।

পোশাক পরিবর্তনের মধ্য দিয়ে রাজকুমার হয়ে যায় ভিখারি, ভিখারির ছেলে হয়ে যায় রাজকুমার। ভিখারির ছেলে মনে করেছিল, রাজপরিবারের জীবন অনেক আনন্দের। কিন্তু রাজপরিবারে এসে ধরাবাঁধা জীবন তার কাছে ভালো লাগে না, বড় একঘেয়ে লাগে। রাজকুমারও মনে করেছিল, বাইরের উন্মুক্ত পরিবেশে জীবনধারণ কত না আনন্দের। কিন্তু বাইরের উন্মুক্ত পরিবেশ তার কাছে অসহ্য হয়ে ওঠে। যে যে পরিবেশে বেড়ে ওঠে, সে সেই পরিবেশের সঙ্গে খাপখাইয়ে নিজেকে মানিয়ে নেয়। সেখানেই গড়ে ওঠে তার আপন পরিমণ্ডল। এই আপন ভুবনের চেয়ে ভালো আর কিছু হতে পারে না। তাই বলা যায়, নিজস্ব পরিবারের চেয়ে আপন এবং আনন্দের আর কিছু নেই।

**প্রশ্ন ॥ ৪ ॥ টমকে সবাই উপহাস করত কেন?**

**উত্তর :** টমকে রাজা সেজে খেলা করতে দেখে সবাই তাকে উপহাস করত।

টম ক্যান্টি ছিল ভিখারির ছেলে। তবে সে ছিল খুব কল্পনাবিলাসী। সে সব সময় রাজা আর রাজকুমারের স্বপ্নে বিভোর থাকত। সে নিজেকে সত্যিকার রাজকুমার বলে চিন্তা করতে ভালোবাসত। সমবয়সি ছেলেমেয়েদের কাছে সে রাজকুমার নামেই পরিচিত হতে চাইত। সে রাজাদের রাজকীয় সভার অনুসরণ করে নিজে রাজা সেজে সঙ্গীদেরকে উপাধি বিতরণ করত। তার এ ধরনের উদ্ভট ধরনের কর্মকাণ্ড দেখে তাকে সবাই উপহাস করত।